২২৭২

## বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
## কোটবাড়ী, কুমিল্লা

### জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী ২০২৩-২০২৪

তারিখ: ১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ
সময়: সকাল ১০:৩০ ঘটিকা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতি: জনাব মোঃ হারুন-অর-রশিদ মোল্লা, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বার্ড।**

উপস্থিত সদস্যবৃন্দ:

১। জনাব আইরিন পারভীন, পরিচালক (প্রশাসন) (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড
২। ড. শেখ মাসুদুর রহমান, পরিচালক (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড
৩। জনাব আবু তালেব, যুগ্ম-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৪। কাজী সোনিয়া রহমান, যুগ্ম-পরিচালক (পল্লী সমাজতত্ত্ব), বার্ড;
৫। জনাব মোঃ আমিনুল ইসলাম, সহকারী পরিচালক (পল্লী প্রশাসন), বার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী একাডেমির নৈতিকতা কমিটির ১ম সভা ১২/০৯/২০২৩ খ্রিঃ সকাল ১০:৩০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। মহাপরিচালক মহোদয় এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গৃহীত পূর্ববর্তী সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পরবর্তীতে কমিটির সদস্য-সচিব জনাব কাজী সোনিয়া রহমান ২০২৩-২০২৪ সালের কর্মপরিকল্পনার প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিশদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

**বার্ডের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রমের উপর আলোচনাঃ**

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ১.৩-সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ১ম কোয়ার্টারের অংশীজনের সভা ১৮.০৯.২০২৩ খ্রিঃ রোজঃ সোমবার আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এতে একাডেমির ৯টি বিভাগের পরিচালকগণ, আমন্ত্রিত অংশীজন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার ও উদ্ভাবনী কার্যক্রম-এর সাথে সংশ্লিষ্ট অনুষদ সদস্যগণ অংশগ্রহণ করবেন। তাছাড়া, বার্ডের সেবা সরবরাহের ক্ষেত্রে হোস্টেল, ক্যাফেটেরিয়া, যোগাযোগ ও অবধায়ন শাখা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে বিধায় সংশ্লিষ্ট শাখাগুলোর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণ ১ম কোয়ার্টারের অংশীজন সভায় অংশগ্রহণ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে বার্ডের চলমান সকল প্রশিক্ষণ কোর্স সমূহ হতে ২ জন করে প্রশিক্ষণার্থী এবং লালমাই ও ময়নামতি প্রকল্পের সুবিধাভোগী অংশীজন সভায় অংশগ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটি |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা | বার্ডের অভ্যন্তরীণ সামাজিক নিরাপত্তা কমিটিকে বার্ডের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণে দৃশ্যমান ব্যবস্থা নেওয়ার জন্য অবহিতকরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ক্যাম্পাসকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য | পরিচালক (প্রশাসন) |

২২৬২

| শু...ার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি। | বাগান শাখাকে জোরদার ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২.২ -অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | বার্ডের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ইতোমধ্যেই ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। সে আলোকে প্রতি প্রান্তিকে ক্রয় পরিকল্পনার অগ্রগতি (রাজস্ব ও উন্নয়ন খাতের পৃথক অগ্রগতি প্রতিবেদন) সংশ্লিষ্ট শাখা/বিভাগ হতে নিয়মিত ভাবে নৈতিকতা কমিটিকে জানানোর বিষয়ে মত প্রকাশ করা হয়। | প্রশাসন/প্রকল্প বিভাগ |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | বার্ডে চলমান ১টি উন্নয়ন প্রকল্পের PIC সভা নিয়মিত ভাবে করা হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। | প্রকল্প পরিচালক বার্ড আধুনিকায়ন প্রকল্প |
| ৩.১ সরকারী যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | কার্যকর মনিটরিং এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বার্ডের সকল যানবাহনের যথাযথ ব্যবহার, লগ বই সঠিক ভাবে রক্ষণাবেক্ষন এবং জ্বালানি ব্যয় অপচয় রোধ নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন)/ যুগ্ম-পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ৩.২ বার্ডের অভ্যন্তরীণ আয় জমা মনিটর | একাডেমির ক্যাফেটেরিয়ার সেবাগ্রহিতাদের কাছ থেকে প্রাপ্ত নগদ অর্থ সপ্তাহান্তে (প্রতি বৃহস্পতিবার) ব্যাংকের নির্দিষ্ট হিসাবে জমা প্রদান ও তাঁর রশিদ পরিচালক (প্রশাসন) এর নিকট জমা প্রদান করবে। প্রতি সপ্তাহে প্রাপ্ত আয় ও জমা তদারকির ব্যবস্থা নেয়া হবে। এছাড়াও ক্যাফেটেরিয়ার আয় বৃদ্ধির জন্য তদারকি জোরদার করার মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) হিসাব রক্ষণ কর্মকর্তা |

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কাজী সোনিয়া রহমান)
যুগ্ম-পরিচালক (পল্লী সমাজতত্ত্ব)
এবং
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

(মোঃ হারুন-অর-রশিদ মোল্লা)
মহাপরিচালক, বার্ড
এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

বিতরণ

১. পরিচালক (সকল), বার্ড;
২. কমিটির সকল সদস্য, বার্ড;
৩. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অফিস কপি।